NYS ডিপার্টমেন্ট অফ স্টেট-ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস

নাপিতের ব্যবহারিক
পরীক্ষার তথ্য

NYS ডিপার্টমেন্ট অফ স্টেট-ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস, ওয়ান কমার্স প্লাজা,
PO Box 22001, Albany, NY 12201-2001

***** এখন ম্যানেকুইন দরকার – জীবন্ত মডেল না *****

ব্যবহারিক পরীক্ষার দিনক্ষণ স্থির করা

অনলাইনে ব্যবহারিক পরীক্ষার দিনক্ষণ স্থির করতে হবে। আপনার আবেদন অনুমোদন করার পরে আপনার আবেদনে দেওয়া ইমেল অ্যাড্রেসে ইমেল পাঠানো হবে। এই ইমেলে একটা লিংক থাকবে যেখানে আপনার পরীক্ষার দিনক্ষণ স্থির করে নিতে পারেন।

যখন আপনার দিনক্ষণ স্থির করবেন তখন $15 ফী দিতে হবে, এটা ফেরতযোগ্য নয়। যদি আপনার পরীক্ষার দিনক্ষণ অন্য সময়ে স্থির করতে হয়, তাহলে আপনার নির্ধারিত পরীক্ষার তারিখের কম পক্ষে ছয় দিন আগে সেটা করতে হবে। **যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট বাতিল করেন, আপনার নির্ধারিত সময়ের পরে এসে পৌঁছান, বা নির্ধারিত দিনক্ষণে এসে উপস্থিত না হন তাহলে আপনার পরীক্ষার ফী হারাতে হবে।**

দ্রষ্টব্য: যদি আপনি টেস্টের বিশেষ বন্দোবস্তের অনুরোধ করার জন্য উপযুক্ত দলিল জমা করেন, আপনার পরীক্ষার দিনক্ষণের ব্যাপারে ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসের একজন প্রতিনিধি আপনাকে যোগাযোগ করবেন। যেসব পরীক্ষায় টেস্টের বিশেষ বন্দোবস্তের প্রয়োজন হয় সেইগুলির দিনক্ষণ অনলাইন সিস্টেমে নিজে স্থির করা যায় না।

ব্যবহারিকে প্রবেশাধিকার

এই পরীক্ষায় প্রবেশাধিকার পাওয়ার জন্য আপনাকে অবশ্যই সরকারের পক্ষ থেকে জারি করা ছবি সমেত স্বাক্ষরিত পরিচয় পত্র আনতে হবে। আপনার এই পরিচয় পত্র **অবশ্যই সাম্প্রতিক** হতে হবে এবং নিম্নোক্ত তালিকা থেকে হতে হবে:

- ড্রাইভিং লাইসেন্স
- রাষ্ট্রীয় স্তরে জারি করা পরিচয়পত্র (যেমন ড্রাইভার ব্যতীত অন্য ID)
- IDNYC কার্ড (NYC পরিচয়সূচক কার্ড)
- মিলিটারি পরিচয় পত্র
- ইউনাইটেড স্টেটসের পাসপোর্ট
- কর্মসংস্থান অনুমোদন কার্ড (U.S. নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবার দ্বারা জারি করা)
- ইউনাইটেড স্টেটস INS এর জারি করা ID
- US নাগরিকত্বের সার্টিফিকেট
- বিদেশী পাসপোর্ট
- ব্রাজিলিয়ান, মেক্সিকান, হন্ডুরান, এবং ইকুইডোরিয়ান কনসুলার ID
- মেক্সিকো ভোটার ID কার্ড

পরীক্ষার দিনক্ষণ স্থির করার জন্য নামের সঠিক প্রথম ও শেষাংশের সঙ্গে আপনার ID র মিল থাকা উচিত। যদি আপনার নামের শেষাংশে হাইফেন থাকে, আপনার সম্পূর্ণ নাম অবশ্যই জানাবেন। যদি আপনার নামে সঙ্গে আপনার ID র হুবহু মিল না থাকে, আপনাকে পরীক্ষা অ্যাক্সেস করতে না দেওয়ার অধিকার আমাদের কাছে আছে।

আপনার ব্যবহারিকের জন্য তৈরি হওয়া

নাপিতের পরিষেবা দেওয়ার জন্য আপনার উপযুক্ত পোশাক পরে আপনার পরীক্ষার জন্য উপস্থিত হওয়া উচিত। আশা করা হচ্ছে আপনি নিম্নোক্ত নির্দেশিকাগুলি মেনে চলবেন:

1) পরিষ্কার নাপিতের জ্যাকেট পরতে হবে।
2) পায়ের আঙুল ও গোড়ালি ঢাকা ও পায়ের পাতা ঢাকার মত জুতো (ক্যানভাস নয়)।
3) চিউইং গাম, সেল ফোন ব্যবহার, বা অন্য প্রযুক্তিগত ডিভাইসের অনুমতি দেওয়া হয় না।
4) আপনি এসে পৌঁছানোর আগে সাবান জল দিয়ে হাত ধুয়ে নিতে হবে; পরীক্ষা চলাকালীন আপনাকে অবশ্যই 60% বা তার বেশি অ্যালকহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।
5) পরীক্ষা পরিসরে আগ্নেয়াস্ত্রের অনুমতি দেওয়া হয় না। এই নীতি সংক্রান্ত যে কোনও প্রশ্নের জন্য অনুগ্রহ করে আমাদের পরীক্ষা কেন্দ্রে (518) 473-2731 এ যোগাযোগ করুন।

দ্রষ্টব্য: ব্যবহার করার পরে ফেলে দেওয়ার মত দস্তানা অর্থাৎ গ্লাভস ব্যবহার ঐচ্ছিক।

সাপ্লাই তালিকায় যেমন নির্দিষ্ট করা হয়েছে সেইসব প্রয়োজনীয়তা পূরণ করার উপযুক্ত একটা ম্যানেকুইন নিজের সঙ্গে পরীক্ষায় নিয়ে আসতে হবে। এই ব্যবস্থা না করতে পারলে আপনি অযোগ্য হয়ে যাবেন। আপনার ম্যানেকুইনের চুল যে কোনও রকম হতে পারে তবে কম পক্ষে 2 ইঞ্চি লম্বা হতে হবে। এছাড়া, আপনার ম্যানেকুইনের মুখে লোম থাকা চলবে না। জীবন্ত মডেলের অনুমতি দেওয়া হবে না।

এছাড়া সাপ্লাই তালিকায় যেমন জানানো হয়েছে সেইমত পরীক্ষায় আপনার নিজস্ব সাপ্লাই ও সরঞ্জাম আনতে হবে। আপনি যদি কোনও প্রয়োজনীয় সাপ্লাই ও সরঞ্জাম না আনতে পারেন তাহলে হয়ত পরীক্ষার কয়েকটা প্রক্রিয়া করার অনুমতি পাবেন না। **দ্রষ্টব্য: যারা পরীক্ষা দিতে আসবেন তারা একে অপরের সঙ্গে সাপ্লাই শেয়ার করতে পারবেন না।**

পরীক্ষায় স্বাক্ষর করার জন্য অনুগ্রহ করে নিজের পেন আনবেন

ব্যবহারিক পরীক্ষার প্রক্রিয়া

নাপিতের ব্যবহারিক পরীক্ষায় ধারাবাহিকভাবে কতগুলি কাজ করা প্রয়োজন এবং প্রতিটি প্রক্রিয়ার জন্য বরাদ্দ করা সময় সীমার মধ্যে আপনাকে ঐগুলি করতে হবে। নির্দিষ্ট সময় সীমার মধ্যে আপনাকে নিম্নোক্ত প্রক্রিয়াগুলি করে দেখাতে হবে:

- **পেশাদার চেহারা, কাজের জায়গা তৈরি করা এবং ক্লায়েন্টকে প্রস্তুত করা** *(10 মিনিট)*
- **চুল কাটার পদ্ধতি** *(30 মিনিট)*
- **দাড়ি কামানো– মুখের লোম** *(15 মিনিট)*
- **মুখ মাসাজ** *(10 মিনিট)*
- **কাজের জায়গা পরিষ্কার করা** *(5 মিনিট)*

দ্রষ্টব্য: আপনার ক্লায়েন্টের (ম্যানেকুইন) শ্যাম্পু করবেন না।

https://dos.ny.gov/barber এ আমাদের ওয়েবসাইটে পরীক্ষা প্রক্রিয়ার তথ্য এবং কাজের বিষয়ে জানা যায়। আপনার পরীক্ষার সময় আপনি এইসব দলিল ব্যবহার করতে পারবেন না। নাপিতের ব্যবহারিক পরীক্ষা সম্পূর্ণ করতে প্রায় 1¼ ঘন্টা লাগবে।

সম্পূর্ণ পরীক্ষায় নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া অবশ্যই পালন করতে হবে। এখন ব্যবহারিক পরীক্ষায় যে অতিরিক্ত নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ পদ্ধতি অনুসরণ করা আবশ্যক অনুগ্রহ করে সেসবের বিষয়ে জেনে নেবেন।

যোগাযোগের তথ্য

আপনি নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অব স্টেট এর সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেনexams@dos.ny.gov। সাধারণ তথ্যের জন্য, আপনি 518-474-4429 এ ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসে যোগাযোগ করতে পারেন। লাইসেন্স সংক্রান্ত আরও তথ্যের জন্য নিঃসঙ্কোচে আমাদের ওয়েবসাইটে যান www.dos.ny.gov

পরীক্ষা বাতিলকরণ

আবহাওয়ায় দুর্যোগ বা অন্য জরুরী অবস্থার কারণে পরীক্ষা বাতিল করে দেওয়া যায়।
যদি আপনার এলাকায় দুর্যোগপূর্ণ আবহাওয়া থাকে, পরীক্ষা বাতিলকরণের বিষয়ে খোঁজ করতে ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসের ওয়েবসাইট (https://dos.ny.gov/licensing-services), ডিপার্টমেন্ট অফ স্টেটের ফেসবুক (https://www.facebook.com/NewYorkDepartmentOfState/) এবং টুইটার (@NYSDOS) অ্যাকাউন্ট দেখুন বা 518-474-4429 এ কল করুন।

পরীক্ষার ফলাফল

পরীক্ষার ফলাফল দেখার জন্য উপলভ্য হলে ইমেলে আপনাকে জানিয়ে দেওয়া হবে। আপনার পরীক্ষা বিভাগের অধীন আপনার ফলাফল দেখার জন্য আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করতে হবে। যেসব আবেদনকারী ব্যবহারিক পরীক্ষায় পাস করবে তাদের মেলে নিউ ইয়র্ক স্টেট বার্বার লাইসেন্স দেওয়া হবে। আপনি পরীক্ষায় বিফল হলে, আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করে আরেকবার পরীক্ষা দেওয়ার দিনক্ষণ স্থির করতে পারেন। পরীক্ষার সময় বা টেলিফোনে ফলাফল জানানো হবে না। পরীক্ষার ফলাফলের বিরুদ্ধে আপনি আপীল করতে পারবেন না।

শুধু পাস বা ফেল হিসাবে পরীক্ষার ফলাফলের রিপোর্ট করা হয়, আপনি স্কোরে নম্বর জানতে পারবেন না। পরীক্ষায় পাস করলে শুধু পাঁচ বছরের জন্য বৈধ থাকবে। আপনার অনলাইন অ্যাকাউন্টে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে। https://my.ny.gov/ এ অনলাইন অ্যাকাউন্টে লগইন করুন। আপনি পরীক্ষায় বিফল হলে, আপনার অনলাইন অ্যাকাউন্ট দিয়ে আরেকবার পরীক্ষা দেওয়ার দিনক্ষণ স্থির করতে পারেন।

বিশ্লেষণের অনুরোধ জানানো

আপনার পরীক্ষায় বিফল হলে exams@dos.ny.gov এ ইমেল করে আপনার ব্যবহারিক পরীক্ষার বিশ্লেষণের অনুরোধ করতে পারেন। আপনার ক্ষমতা ও দুর্বলতাগুলি খুঁজে নিতে আপনাকে সাহায্য করার জন্য আপনার ব্যবহারিক পরীক্ষার রিপোর্ট বা বিস্তারিত বর্ণনা এই বিশ্লেষণ। আপনার পরীক্ষার তারিখের 60 দিনের মধ্যে বিশ্লেষণের অনুরোধ জানানো আবশ্যক। যারা ব্যবহারিক পরীক্ষায় পাস মার্ক পাবে আমরা তাদের বিশ্লেষণ জানাবো না।